



বাংলাদেশ কনস্যুলেট জেনারেল  
টরন্টো, কানাডা



## শোক বার্তা

বীর মুক্তিযোদ্ধা জনাব স, ম সালাম করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে গতকাল ১৭ এপ্রিল (শুক্রবার) ২০২০ স্থানীয় সময় সন্ধ্যা ০৭:৫০ মিনিটে টরন্টোর একটি হাসপাতালে মৃত্যুবরণ করেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। মৃত্যুকালে তিনি স্ত্রী, এক কন্যা ও এক পুত্রসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

টরন্টোতে নিযুক্ত বাংলাদেশের কনসাল জেনারেল জনাব নাইম উদ্দিন আহমেদ ও কনস্যুলেট পরিবার জনাব স, ম সালাম-এর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশ করছে। এই অকাল প্রয়াণে তাঁর পরিবারে যে গুণ্যতা সৃষ্টি হয়েছে তার প্রতি সহমর্মিতা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে। কনস্যুলেট জেনারেলের প্রতিষ্ঠালগ্ন থেকে কনস্যুলেটের একজন শুভাকাঙ্খী হিসেবে জনাব সালামের অকুষ্ঠ সমর্থন ও সহযোগিতা কনসাল জেনারেল শ্রদ্ধাভরে স্মরণ করেন।

তাঁর অকাল প্রয়াণে বাংলাদেশ একজন প্রকৃত দেশপ্রেমিক হারালো। স্বাধীনতা যুদ্ধে তাঁর অবদান জাতি চিরদিন কৃতজ্ঞতা ও শ্রদ্ধাভরে স্মরণ করবে।

মোঃ মনোয়ার মোকাররম  
কনসাল ও দূতালয় প্রধান  
১৮ এপ্রিল ২০২০

‘মুজিববর্ষের কূটনীতি :: প্রগতি ও সম্প্রীতি’